# 60186 - ইহরাম অবস্থায় বেবি ক্যারিয়ার পরা

## প্রশ্ন

ফরয উমরা আদায়কালে বেবি ক্যারিয়ার পরার হুকুম কি; যেটি গায়ে ঝুলানো হয়। ইংরেজীতে যেটাকে Kangoro বলা হয়?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ইহরাম অবস্থায় বেবি ক্যারিয়ার পরতে কোন আপত্তি নেই। কেননা এটি ইহরাম অবস্থায় নিষিদ্ধতার উদ্ধৃত হয়েছে এমন কোন পোশাক নয় এবং নিষিদ্ধতার উদ্ধৃত পোশাকগুলোর অধিভুক্তও নয়।

এটি পানির মশক বা টাকাপয়সার থলে বহন কিংবা বুকের সাথে রশি দিয়ে বেঁধে পিঠের ওপর জিনিসপত্র বহনের সাথে সাদৃশ্যপূর্ণ। এতে নিষিদ্ধ কিছু নেই; সেই আলোচনা সামনে আসছে।

যে পোশাকগুলো পরা মুহরিমের জন্য নিষিদ্ধ সেগুলো হচ্ছে: জামা, পায়জামা, বুরনুস (এক ধরণের প্রশস্ত জামা যার সাথে মাথা ঢাকার অংশও যুক্ত থাকে), পাগড়ী, খুফ্ফ (চামড়ার মোজা তথা পায়ের ওপর চামড়ার তৈরী যা পরা হয়)।

এর পক্ষে প্রমাণ হচ্ছে বুখারী (৫৮০৫) ও মুসলিম (১১৭৭) কর্তৃক সংকলিত আব্দুল্লাহ্ বিন উমর (রাঃ) এর হাদিস; তিনি বলেন: এক ব্যক্তি দাঁড়িয়ে বলল: ইয়া রাসূলুল্লাহ্! আমরা যখন ইহরাম করি তখন আপনি আমাদেরকে কি পরার নির্দেশ দেন? তিনি বললেন: আপনারা কামিজ পরবেন না, পায়জামা পরবেন না, পাগড়ী পরবেন না, বুরনুস পরবেন না, চামড়ার মোজা পরবেন না। তবে কারো যদি জুতা না থাকে তাহলে তিনি টাকনুদ্বয়ের নীচের অংশে মোজা পরবেন এবং এমন কোন পোশাক পরবেন না যাতে জাফরান বা ওয়ারস (একজাতীয় সুগন্ধি উদ্ভিদ) লাগানো হয়েছে"।

এই নিষিদ্ধতার অধিভুক্ত হবে যা কিছু এর সমজাতীয়। যেমন- জুব্বা, আবায়া (জামার উপর পরিধেয়), আন্ডারওয়্যার, টুপি, কাপড়ের মোজা। তথা শরীরের অবয়ব অনুযায়ী কিংবা শরীরের অংশ বিশেষের অবয়ব অনুযায়ী প্রত্যেকে যে পোশাক তৈরীকৃত, সাধারণত যেটা পরা হয়।

শাইখ বিন বায (রহঃ) ইহরামকারীর জন্য নিষিদ্ধ পোশাক বর্ণনা করতে গিয়ে বলেন: "উল্লেখিত হাদিস থেকে পরিস্কার হয় যে, মাখীত (সেলাইকৃত) দ্বারা উদ্দেশ্য হচ্ছে: যা কামিজের মত গোটা দেহের অবয়ব অনুযায়ী সেলাই করা হয়েছে কিংবা বুনন করা হয়েছে। কিংবা গেঞ্জির মত যা দেহের উপরাংশের অবয়ব অনুযায়ী সেলাই করা হয়েছে কিংবা বুনন করা হয়েছে। কিংবা

সলোয়োররে মত যা দহেরে নম্নিাংশরে অবয়ব অনুযায়ী সলোই করা হয়ছে কংিবা বুনন করা হয়ছে। এর অধভিুক্ত ধরা হবে হাতমোজা বা পা-মোজার মত যা কছিু হাতরে অবয়ব অনুযায়ী সলোই করা হয়ছে কংিবা বুনন করা হয়ছে।"[মাজমুউ ফাতাওয়াশ শাইখ বনি বায (১৭/১১৮)]

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) বলনে: "যদি কোন ব্যক্তি তলোয়ার বা পস্তিল ঝুলান তাহলে সটো জায়যে হব। কনেনা সটো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে সরাসরি ভাষ্যরে গণ্ডতিে পড়ে না কংিবা ভাষ্যরে ভাবরে গণ্ডতিওে পড়ে না। যদি কউে বল্টে দয়িে তার পটে বাঁধে তাহলে সটো জায়যে হব। যদি কউে তার কাঁধে পানরি মশক বাঁধে কংিবা টাকাপয়সা রাখার থলে বাঁধ, তাহলে সটোও জায়যে হব। মোটকথা হলো: যা কছিু পরা হারাম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি একটি করে সগেুলো উল্লখে করছেনে। আর যা কছিু উদ্ধৃত পোশাকগুলোর ভাষ্যরে ভাবার্থভুক্ত আমরা সগেুলোকওে অন্তর্ভুক্ত করছে। আর যা কছিু এর ভাষ্যরে ভাবরে আওতায় পড়ে না সটোকে এর অধভিুক্ত করনি। আর যে পোশাকরে বষিয়ে আমরা সন্দহিান সটোকে আমরা এ মূলনীতরি অধভিুক্ত করছে: "মূল বধিান হচ্ছে বধৈতা।"[আল-শারহুল মুমত (৭/১৫২)]

তাই প্রশ্নে উল্লখেতি ববে ক্যিারয়িার শাইখ কর্তৃক উল্লখেকৃত পানরি মশক কাঁধে ঝুলানোর চয়েে বশেি কছিু নয়। অনুরূপভাবে এটি জনিসিপত্র রশি দয়িে বা এ জাতীয় অন্য কছিু দয়িে বেঁধে বহন করার সাথে সাদৃশ্যপূর্ণ।

আলমেগর্ণ এই মর্মে দ্ব্যর্থহীনভাবে উল্লখে করছেনে য, ইহরামকারীর জন্য পঠিে জনিসিপত্র বহন করা জায়যে। যদি প্রয়োজন হয় তাহলে তনিি রশি দয়িে এটাকে বুকরে সাথে বাঁধতে পারনে। কছিুটা দূরবর্তী হলওে এটি ববে ক্যিারয়িাররে সাথে সাদৃশ্যপূর্ণ।

দখেুন: মানহুল জালালি শারহু মুখতাছারলি খালিল (২/৩০৮)

আল্লাহই সর্বজ্ঞ।